দৈনিক
ইনকিলাব

তারিখ ... 22 JAN 2007.
পৃষ্ঠা 12 কলাম 2

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা নিয়ে বিপাকে শিক্ষার্থীরা

শাহজাহান শুভ

দেশের বেশ কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ২০০৬-০৭ সেশনের অনার্স ভর্তি পরীক্ষা নিয়ে বিপাকে পড়েছে শিক্ষার্থীরা। একই দিনে এবং বিরতিহীনভাবে পরীক্ষার সময়সূচী নির্ধারিত হওয়ায় শিক্ষার্থীদের পক্ষে সব বিশ্ববিদ্যালয়ে অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। শিক্ষার্থী ও অভিভাবক মহল ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন। দেশের রাজনৈতিক অস্থিরতার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের অধিকাংশ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা কয়েক দফা পরিবর্তন করা হয়েছে। ভর্তি পরীক্ষার ক্ষেত্রে সমন্বয় না থাকায় সাধারণত পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো নিজেদের সুযোগ-সুবিধা অনুযায়ী পরীক্ষার সময়সূচী পরিবর্তন করে। সর্বশেষ ৫-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা

১২-এর পৃষ্ঠার পর

পরিবর্তিত সময়সূচী অনুযায়ী দেশের বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা পড়েছে একই দিনে এবং কোন কোন ক্ষেত্রে বিরতিহীনভাবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৯ ফেব্রুয়ারী। পরদিন ১০ ফেব্রুয়ারী একযোগে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং কুষ্টিয়াস্থ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা শেষ করে পরদিন সকালে সিলেট ও কুষ্টিয়ায় গিয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করা একজন শিক্ষার্থীর পক্ষে কতটুকুইবা সম্ভব। তাছাড়া পরীক্ষা প্রস্তুতি তো রয়েছেই। এদিকে ১৬ ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদভুক্ত 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

একই দিন মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাও হওয়ার কথা রয়েছে। ভর্তি পরীক্ষার এ সময়সূচী নিয়ে ছাত্রছাত্রী ও অভিভাবক মহল চরম উৎকণ্ঠায় রয়েছেন। এ নিয়ে বেশ কয়েকজন অভিভাবক পত্রিকা অফিসে যোগাযোগ করেছেন। তাদের বক্তব্য হল- বিশ্ববিদ্যালয়ের ভর্তির জন্য পূর্ণপ্রস্তুতি সত্ত্বেও যদি কোন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারে; তা হবে সত্যিই দুঃখজনক ব্যাপার। বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থী ঢাকা কলেজের ছাত্র শাহিদ বলেন, ৯ ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা দিয়ে ১০ তারিখে সিলেট গিয়ে পরীক্ষা দেয়া খুবই দুরূহ। পূর্ণপ্রস্তুতি সত্ত্বেও যদি আমরা ভর্তি পরীক্ষা না দিতে পারি তাহলে আমাদের সব শ্রমই বৃথা যাবে। শিক্ষার্থী এবং অভিভাবকরা পরীক্ষা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহবান জানান।

সর্বশেষ নির্ধারিত সময়সূচী অনুযায়ী আগামী ২৬ জানুয়ারী বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া ২ ফেব্রুয়ারী কলা অনুষদভুক্ত 'খ', ৯ ফেব্রুয়ারী সামাজিক বিজ্ঞান ও বিভাগ পরিবর্তনকারী অনুষদের 'ঘ' এবং ১৬ ফেব্রুয়ারী বাণিজ্য অনুষদভুক্ত 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১০ ও ১১ ফেব্রুয়ারী শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৪টি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১০, ১১, ১২ কুষ্টিয়াস্থ ইসলামী বিশ্ববিদ্যালয়ের এবং ১৬ ফেব্রুয়ারী মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

২৩ ফেব্রুয়ারী সকাল ১০টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলা, বাণিজ্য ও বিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষা সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে। আগামী ২ মার্চ বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটের মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে। এরপর ৯ মার্চ কলা অনুষদভুক্ত 'খ', ১৬ মার্চ বাণিজ্য অনুষদভুক্ত 'গ' এবং ২৩ মার্চ সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিকে জাহাঙ্গীরনগর, রাজশাহী, খুলনা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।